

ভিসা আবেদনকারীদের জন্য নির্দেশাবলী

১. শুধুমাত্র ট্যুরিস্ট ভিসার আবেদন এ ক্যাম্পে জমা দেওয়া যাবে। মেডিক্যাল, বিজনেস, ও অন্যান্য ভিসা বিভাগের আবেদনপত্র এখানে গৃহীত হবে না। এসব ভিসা সংশ্লিষ্ট আইভিএসি কেন্দ্রসমূহে গৃহীত হবে।
২. আবেদনকারীদের নিজে এসে তাদের আবেদনপত্র জমা দিতে হবে। একসঙ্গে ভ্রমণেচ্ছু পরিবারের সদস্য (পিতা-মাতা/ ছেলে-মেয়ে/ স্বামী-স্ত্রী)দের পক্ষে একজন আবেদনপত্র জমা দিতে পারবেন।
৩. শুধুমাত্র ভিসা আবেদনকারী ক্যাম্পের ভেতরে ঢুকতে পারবেন। অন্য কাউকে ভেতরে ঢুকতে দেওয়া হবে না।
৪. শুধু ঢাকা, খুলনা, বরিশাল ও ময়মনসিংহ বিভাগের আবেদনকারীরা এ ক্যাম্পের আওতায় পড়বেন।
৫. ক্যাম্পের দিন সকাল ৮.০০টায় গেটসমূহ খোলা হবে। ক্যাম্পের সময় সকাল ৮.০০ থেকে দুপুর ২.০০টা পর্যন্ত।
৬. আবেদনকারীদের রাত থেকে লাইন দেওয়ার দরকার নেই।
৭. আবেদনকারীদের প্রয়োজনীয় কাগজপত্রসহ পূর্ণাঙ্গ আবেদনপত্র নিয়ে আসতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র গৃহীত হবে না।
৮. কোন এজেন্ট বা দালাল নেই। কোন ব্যক্তি ভিসা সহযোগিতার কথা বললে তাকে স্থানীয় পুলিশে সোপর্দ করুন।
৯. ভারতীয় হাই কমিশনের আউটসোর্সিং এজেন্সি ইন্ডিয়ান ভিসা অ্যাপলিকেশন সেন্টারের ভিসা প্রসেসিং ফি ৬০০/= টাকা। অন্য কোন ফি নেই।
১০. মনে রাখবেন, ভিসা আবেদনপত্র জমা দেওয়া ভিসা প্রাপ্তির নিশ্চয়তা নয়। ভিসা দেওয়ার এজিয়ার ভারতীয় হাই কমিশনের। এক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।
১১. ভিসা ক্যাম্পের ভেতর মোবাইল ফোন ও ব্যাগ আনা যাবে না।
১২. ভিসা রিসিপ্টে প্রদত্ত তারিখ ও সময় অনুযায়ী পাসপোর্ট সংগ্রহ করতে হবে। আরো তথ্যের জন্য ভিজিট করুন www.hcidhaka.gov.in।
